যুগান্তর

তারিখ ... 09 JUN 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# বৃত্তিতে আটকে আছে পিইসি বাতিল সিদ্ধান্ত

**যুগান্তর রিপোর্ট**

পঞ্চম শ্রেণীতে বৃত্তি দেয়ার ইস্যুতে আটকে আছে এ বছর প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় গত ৩০ মে'র সিদ্ধান্ত হল— এ বছরই শেষবারের মতো পিইসি পরীক্ষা হবে। কিন্তু অভিভাবকরা চাচ্ছেন এ বছরই বাতিল হোক। দাবির পক্ষে গত ৫ দিন ধরে ঢাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে অভিভাবকরা বিক্ষোভ-মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালন করছেন। এমন পরিস্থিতিতে মন্ত্রণালয়ও এ বছরই পিইসি বাতিলে রাজি আছে। কিন্তু প্রশ্ন হল— তাহলে পঞ্চম শ্রেণীতে মেধাবৃত্তি দেয়ার উপায় কী? মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলছেন, অভিভাবকদের দাবির মুখে যদি এ বছরই এ পরীক্ষা বাতিল করা হয়, তাহলে শিক্ষার্থীদের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীতে দেয়া বৃত্তি দেয়া যাবে না। এখন পর্যন্ত এ বৃত্তি দেয়ার বিকল্প উপায়ও বের করা যায়নি। একটি বছর বাড়তি সময় পেলে এ নিয়ে একটি উপায় বের করা যাবে।

## অভিভাবকদের বিক্ষোভ অব্যাহত

বুধবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজার এ বছরই পিইসি বাতিলের সমস্যার কথা তুলে ধরে বলেন, 'অনেকেই চাচ্ছেন এবারই পঞ্চম শ্রেণীতে সমাপনী পরীক্ষা বাতিল হোক। যদি বাচ্চাদের মঙ্গল হয় আমাদের অসুবিধা নেই। আমরাও চাই এ পরীক্ষা না থাকুক। পরীক্ষার এখনও অনেক দেরি আছে। বন্ধ করতে তো আর সময় লাগবে না। অক্টোবরে গিয়েও ঘোষণা দিয়ে পরীক্ষা বন্ধ করা সম্ভব। কিন্তু পাশাপাশি অনেকেরই প্রশ্ন— এ পরীক্ষা উঠে গেলে বৃত্তির কী হবে? অথচ সবাই চায়, পরীক্ষা না থাকলেও বৃত্তি থাকুক। কিন্তু পরীক্ষা ছাড়া কীভাবে বৃত্তি দেব। তাই এ বিষয়ে একটি উপায় বের করতে হবে। এ বিষয়ে শিক্ষাবিদ ও সুশীল সমাজের সঙ্গে আলোচনা করব। নিশ্চই এর সমাধান আছে।'

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. হুমায়ুন খালিদ বলেন, 'বৃত্তির একটি বিষয় আছে। এবার পঞ্চম শ্রেণীর সমাপনী নেয়া না হলে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর বৃত্তি দেয়া নিয়ে নতুন করে সমস্যার সৃষ্টি হবে। এ ছাড়া প্রতিযোগিতামূলক পরীক্ষা ছাড়া বৃত্তি নির্ধারণ সম্ভব নয়।

প্রাথমিক শিক্ষা হবে অষ্টম শ্রেণী পর্যন্ত— এ ঘোষণা দেয়া হয় গত ১৮ মে। সে অনুযায়ী ওইদিনই অষ্টম শ্রেণী পর্যন্ত সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ছেড়ে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এরপর ৩০ মে আরেক বৈঠকে এবারই শেষবারের মতো পঞ্চম শ্রেণীতে সমাপনী পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত হয়। ২০০৯ সাল থেকে সরকার পঞ্চম শ্রেণীতে পিইসি পরীক্ষা নিচ্ছে। এ পরীক্ষার ভিত্তিতে এবার থেকে সাড়ে ৮২ হাজার ছাত্রছাত্রীকে বৃত্তি দেয়া হচ্ছে। গত বছর পর্যন্ত সাড়ে ৫৫ হাজার ছাত্রছাত্রী এ বৃত্তি পেত।

**অভিভাবকদের কর্মসূচি :** এদিকে এবারই পিইসি পরীক্ষা বাতিলের দাবিতে ঢাকায় পঞ্চম দিনের মতো কর্মসূচি পালিত হয়েছে। বুধবার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের মতিঝিলের মূল ক্যাম্পাসের সামনে অভিভাবকরা মানববন্ধন করেন। এতে বক্তব্য দেন অভিভাবক ফোরামের চেয়ারম্যান জিয়াউল কবির দুলু, মলয় সরকার, সালমা বেগম, ঝর্ণা আক্তার প্রমুখ। মানববন্ধন শেষে পিইসি পরীক্ষা অবিলম্বে বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল মতিঝিল এলাকা প্রদক্ষিণ করে। আজ সকাল ৯টায় মতিঝিল আইডিয়াল স্কুলের সামনে আবারও মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন অভিভাবকরা।